দৈনিক
আমাদের সময়

তারিখ : 12 DEC 2016
পৃষ্ঠা : 2 কলাম : ৩

# এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবি

নিজস্ব প্রতিবেদক ●

দেশের এমপিওভুক্ত সব শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষক সমিতি। একই সঙ্গে এই স্তরের সব শিক্ষক-কর্মচারীর পূর্ণাঙ্গ উৎসব ভাতা ও বৈশাখী ভাতা এবং পাঁচ শতাংশ বর্ধিত বকেয়া ভাতা প্রদানের দাবি জানিয়েছে সংগঠনটি। গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব দাবি তুলে ধরেন সংগঠনের নেতৃবৃন্দরা। অনুষ্ঠানে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির মহাসচিব অধ্যক্ষ মোহাম্মদ নিজাম উদ্দিন।

সংবাদ সম্মেলনে ১৭ দফা দাবি তুলে ধরে সংগঠনটি। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে– শিক্ষা প্রশাসনকে একমুখী করার ব্যবস্থা করা; শিক্ষানীতির অস্পষ্টতা দূর করা; শিক্ষা আইন করা; প্রতি বছর শিক্ষা খাতে বাজেট বৃদ্ধি করা; বারবার সিলেবাস পরিবর্তন না করে একটি আধুনিক বিজ্ঞানসম্মত সিলেবাস তৈরি করাসহ শিক্ষার মানোন্নয়নে বাস্তসম্মত পদক্ষেপ নেওয়া, ইত্যাদি।